(১৬৪)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১
বাজেট অধিশাখা-২
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০২.২০.০২২.১৮- ২৫

তারিখঃ ২৬ জানুয়ারি ২০২১ খ্রিঃ
১২ মাঘ ১৪২৭ বঃ

বিষয়ঃ **iBas⁺⁺-এ নতুন কোড সংযোজন এবং পুনঃউপযোজন সংক্রান্ত।**

সূত্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০২.২০-২৮৩, তারিখঃ ০৬ ডিসেম্বর ২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ব্যানবেইস-এর আওতাধীন ১২৫টি UITRCE সেন্টারে iBas''-এ **'৩২১১১৩১-আউটসোর্সিং'** কোড সংযোজন এবং নিম্নোক্ত বিভাজন মোতাবেক পুনঃউপযোজনে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

| যে খাত হতে পুনঃউপযোজন করা হবে | | যে খাতে পুনঃউপযোজন করা হবে | |
|---|---|---|---|
| ব্যয় খাতের বিবরণ | উক্ত খাতে বরাদ্দের পরিমাণ | ব্যয় খাতের বিবরণ | পুনঃউপযোজনকৃত টাকার পরিমাণ |
| ১২৫০৭০১১১০০১৯-বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-৩২১১১৩১-আউটসোর্সিং | ৬,০০,০০,০০০/- | ১২৫০৭০২০০০০০০-উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE)-৩২১১১৩১-আউটসোর্সিং | ১,৯১,০০,০০০/- |
| ১২৫০৭০১১১০০১৯-বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-৩১১১৩৩২-সম্মানী ভাতা | ২০,০০০/- | ১২৫০৭০১১১০০১৯-বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-৩১১১৩৩১-আপ্যায়ন ভাতা | ১২,০০০/- |

**শর্তাবলীঃ**

(ক) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(খ) পুনঃউপযোজনকৃত এ অর্থ চলতি ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে "১২৫০৭০২০০০০০০-উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন"-এর অনুকূলে **'৩২১১১৩১-আউটসোর্সিং'** কোডে এবং "১২৫০৭০১১১০০১৯-বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)"-এর '৩১১১৩৩১-আপ্যায়ন ভাতা' কোডে সমন্বয় করতে হবে;

(গ) পুনঃউপযোজনের কারণে চলতি ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে কোন অতিরিক্ত বরাদ্দের দাবী করা যাবে না; এবং

২৫.০১.২১


**(তনিমা তাসমিন)**
উপসচিব
ফোনঃ ৯৫৭৬০২৯
ই-মেইল: tanimatasmin75@gmail.com


সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবলয়, ঢাকা

**(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা)।**

অনুলিপিঃ
১। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা
(www.mof.gov.bd)

নং- ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯ তারিখঃ ১০/০৬/২০১৯ খ্রিঃ

# পরিপত্র

বিষয়ঃ আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবাক্রয়ের ক্ষেত্রে সেবামূল্য নির্ধারণ।

আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী আউটসোর্সিং সেবাক্রয়ের ক্ষেত্রে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে জনপ্রতি মাসিক সেবামূল্য নির্দেশক্রমে নিম্নরূপে নির্ধারণ করা হলোঃ

| সেবার ক্যাটাগরি | ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য মাসিক সেবামূল্য (জনপ্রতি) | চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য মাসিক সেবামূল্য (জনপ্রতি) | অন্যান্য স্থানের জন্য মাসিক সেবামূল্য (জনপ্রতি) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ক্যাটাগরি-১ | ১৯,১১০/- | ১৮,১২০/- | ১৭,৬৩০/- |
| ক্যাটাগরি-২ | ১৮,৬১০/- | ১৭,৬২০/- | ১৭,১৩০/- |
| ক্যাটাগরি-৩ | ১৮,২১০/- | ১৭,২২০/- | ১৬,৭৩০/- |
| ক্যাটাগরি-৪ | ১৭,৯১০/- | ১৬,৯২০/- | ১৬,৪৩০/- |
| ক্যাটাগরি-৫ | ১৭,৬১০/- | ১৬,৬২০/- | ১৬,১৩০/- |

২। উল্লেখ্য সেবার ক্যাটাগরি-১ বলতে ড্রাইভার (হেভী), সুপারভাইজার, কেয়ারটেকার, ওয়ার্ড মাস্টার, ইলেকট্রিশিয়ান, লিফট মেকানিক, এসি মেকানিক, পাম্প মেকানিক, জেনারেটর মেকানিক, অন্যান্য কারিগরি কাজ সংক্রান্ত টেকনিশিয়ান এবং অনুরূপ কাজ এর সেবাকে বুঝাবে।

সেবার ক্যাটাগরি-২ বলতে ড্রাইভার (লাইট), স্যানিটারি মিস্ত্রি (প্লাম্বার মিস্ত্রি), রাজমিস্ত্রি (ম্যাসন), কাঠমিস্ত্রি (কার্পেন্টার), রংমিস্ত্রি, পাম্প অপারেটর, এয়ারকন্ডিশন অপারেটর, জেনারেটর অপারেটর, ওয়ারম্যান, ওয়েল্ডার, মিটার রিডার এবং অনুরূপ কাজ এর সেবাকে বুঝাবে।

সেবার ক্যাটাগরি-৩ বলতে সহকারী ইঞ্জিন মেকানিক, টেন্ডল, গ্রিজার, টেইলর, ডুবুরি এবং অনুরূপ কাজ এর সেবাকে বুঝাবে।

সেবার ক্যাটাগরি-৪ বলতে লন্ড্রি অপারেটর, ফরাশ জমাদার, সহকারী ইলেকট্রিশিয়ান, শুকানী, বাবুর্চি (কুক), গার্ডেনার (বাগানকর্মী), দক্ষ শ্রমিক এবং অনুরূপ কাজ এর সেবাকে বুঝাবে।

সেবার ক্যাটাগরি-৫ বলতে সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী), ক্লিনার (পরিচ্ছন্নতাকর্মী), সহকারী গার্ডেনার, ইলেকট্রিক্যাল হেলপার, কার্পেন্টার (কাঠমিস্ত্রি) হেলপার, স্যানিটারি হেলপার, পাম্প হেলপার, গাড়ির হেলপার, এসি মেকানিক হেলপার, চৌকিদার, ল্যাব এটেনডেন্ট, ওটি এটেনডেন্ট, ইমার্জেন্সি এটেনডেন্ট, স্ট্রেচার বেয়ারার, ওয়ার্ড বয়, আয়া, সহকারী বাবুর্চি, লিফটম্যান, লাইনম্যান, ফরাশ, লস্কর, ম্যাসন হেলপার, ম্যাসেঞ্জার, মশালচি, এনিম্যাল এটেনডেন্ট, গেস্ট হাউস এটেনডেন্ট, হোস্টেল এটেনডেন্ট, ডোম, বাইন্ডার, অদক্ষ শ্রমিক এবং অনুরূপ কাজ এর সেবাকে বুঝাবে।

৩। উল্লিখিত সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে সমপর্যায়ের কর্মচারীদের মাসিক প্রারম্ভিক মূল বেতন, বাড়ি ভাড়া ভাতা ও চিকিৎসা ভাতা বিবেচনায় নেওয়া হয়েছে। এছাড়াও বাৎসরিক দুটি উৎসব ভাতা ও নববর্ষ ভাতা যোগ করে মাসিক প্রাপ্যতা নির্ণয়পূর্বক প্রস্তাবিত মাসিক সেবামূল্য নির্ধারণ করা হয়েছে। সে কারণে আউটসোর্সিং প্রক্রিয়ায় নিয়োজিত কর্মীগণ পৃথকভাবে উৎসব প্রণোদনা ও নববর্ষ প্রণোদনা প্রাপ্য হবেন না।

৪। প্রযোজ্য শর্তাবলীঃ

(১) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;

(২) কেবলমাত্র গাড়ি চালকগণের অতিরিক্ত কাজের সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রতিঘন্টা অতিরিক্ত সেবার জন্য ৮০/- টাকা হিসেবে অতিরিক্ত সেবামূল্য প্রদান করা যাবে, তবে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনসহ প্রকৃত কাজের ভিত্তিতে মাসিক সর্বোচ্চ ১০০ ঘন্টার বেশি অতিরিক্ত সেবামূল্য প্রদেয় হবে না;

(৩) উক্ত সেবামূল্যের হার অবিলম্বে কার্যকর হবে।

২০।৮।১৭

(সুলেখা রাণী বসু)
যুগ্মসচিব
ফোন-৯৫৬৯৯৫১
ই-মেইলঃ sulekhar@finance.gov.bd

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁর আওতাভুক্ত সব অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব------------------------------------------------------------------------------মন্ত্রণালয়/বিভাগ (সব)। তাঁর আওতাভুক্ত সব অধিদপ্তর/পরিদপ্তর/হিসাব শাখাসমূহে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁর আওতাভুক্ত সব অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ। তাঁর আওতাভুক্ত সব অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর আওতাভুক্ত সব অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮। অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁর আওতাভুক্ত সব অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯। জেলা প্রশাসক, ------------------------------------------------------------------------জেলা। তাঁর আওতাভুক্ত সব অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,-------------------------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ
১১। উপজেলা নির্বাহী অফিসার,--------------------------------------------------------------------উপজেলা
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,----------------------------------------------------------------------বিভাগ
১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,------------------------------------------------------------ জেলা
১৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,------------------------------------------------------- উপজেলা
১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো